দর্শনায় করোনা ভাইরাস রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রেস কনফারেন্স

দর্শনায় করোনা ভাইরাস রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রেস কনফারেন্স করেছেন দর্শনা পৌরসভার মেয়র মোঃ মতিয়ার রহমান। আজ বেলা সাড়ে ১১ টায় দর্শনা পৌরসভার সভা কক্ষে এই প্রেস কনফারেন্স এর আয়োজন করা হয়।

এ সময় তিনি বলেন, দর্শনা পৌরসভায় করোনা ভাইরাস প্রতিরোধে কিছু সিদ্ধান্ত গ্রহন করেন, প্রত্যেক ওয়ার্ড কাউন্সিলরকে করোনা প্রতিরোধে যে ওয়ার্ড কমিটি গঠন হয়েছে সেই কমিটির মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে করোনা ভাইরাস প্রতিরোধে স্থানীয় ভাবে ভূমিকা রাকতে হবে।

পৌরসভার থেকে প্রতিদিন মাইকিং ও লিফলেট বিতরণ করা অব্যাহত থাকবে। বিদেশ প্রত্যাগত নাগরিকদের হোম কোয়ারেন্টাইনের বিষয়টি নিশ্চিত করাসহ তাদেরকে সহজেই খুঁজে পাওয়ার জন্য লাল পতাকা উড্ডায়নের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

তিনি আরও বলেন, পৌর কর্মকর্তা-কর্মচারীদের সার্বক্ষণিক কর্মস্থানে অবস্থান নিশ্চিত করাসহ তাদের সেভ থাকার জন্য সাবান-পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পৌর এলাকার মধ্যে সকল ব্যবসা প্রতিষ্ঠান বিশেষ করে চায়ের দোকান গুলোতে জনসমাগম না হতে পারে সেজন্য দোকান থেকে টিভি, বেঞ্চ, চেয়ার সরিয়ে ফেলা হয়েছে।

সবশেষে তিনি সকলকে সচেতন হতে বলেন, এবং অন্যকে সচেতন করে সরকারি আইন মেনে চলতে বলেন। এ সময় পৌর মেয়রের পক্ষ থেকে সকল সাংবাদিকদেরকে কেরু এন্ড কোম্পানির হ্যান্ড স্যানিটাইজার তুলে দেন।

প্রেস কনফারেন্সে উপস্থিত ছিলেন, দর্শনা থানার ওসি মাহবুবুর রহমান, দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাধারণ সম্পাদক আওয়াল হোসেন, সকল ওয়ার্ড কাউন্সিলরবৃন্দ এবং দর্শনার সকল সাংবাদিকবৃন্দ।

দর্শনায় করোনা ভাইরাস রোধে মাস্ক ও সাবান বিতরণ

চুয়াডাঙ্গার দর্শনায় করোনা ভাইরাস রোধে মাস্ক ও সাবান বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে দর্শনা পৌর এলাকার দর্শনা বাসষ্ট্যান্ড, রেল বাজার সহ বিভিন্ন এলাকায় নিজ উদ্যোগে করোনা ভাইরাস রোধে মাস্ক ও সাবান বিতরণ করেছেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু।

সেই সাথে সকলকে করোনা ভাইরাস রোধে সচেতন হতে পরামর্শ দেন তিনি।

দর্শনা বাসস্ট্যান্ড থেকে শুরু করে দর্শনার বিভিন্ন স্থানে গরীব অসহায় মানুষ এবং ভ্যান চালক, ইজিবাইক চালক, দিনমজুরদের মাঝে মাস্ক ও সাবান বিতরণ করেন এবং সকলকে সচেতন হয়ে চলাফেরা করার নির্দেশ দেন।

এ সময় তিনি বলেন, বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ দেশের মানুষের কল্যাণ এর জন্য যে যে নির্দেশনা দিয়েছেন আমরা সকলে তা মেনে চলি। আপনারা প্রয়োজন ছাড়া কেউ বাড়ির বাহিরে বের হবেন না। বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনা রোধে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন।

আপনারা সকলে সরকারের উপর আস্থা রেখে সরকারের নির্দেশ মেনে চলুন তাহলেই এই করোনা ভাইরাস রোধ করা সম্ভব। যেমন, কোন প্রয়োজনে বাড়ির বাহিরে গেলে বাড়িতে ফিরে আগে সাবান বা হ্যান্ড ওয়াশ দিয়ে হাত ধুয়ে ফেলুন। হাত ধোয়ার আগে চোখে, মুখে হাত দিবেন না। তবে বিশেষ ভাবে বলা হয়েছে খুব প্রয়োজন ছাড়া কেউ বাড়ির বাহিরে বের হবেন না।

তিনি আরও বলেন, সকলকে সচেতন হতে হবে এবং অন্যকে সচেতন করতে হবে।

দর্শনার জয়নগরে ভাইরাসের কারনে চেকপোস্টে বন্ধ করে দেওয়া হয়েছে

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার জয়নগর চেকপোস্ট বাংলাদেশ ও ভারতের ব্যাস্ততম স্থলবন্দর। আর এই চেকপোস্ট দিয়ে প্রতিদিন যাতায়াত করে এক থেকে দুই হাজার মানুষ।

দর্শনার জয়নগর চেকপোস্ট দিয়ে যাতায়াত সহজ হওয়ার কারনে অনেকটা ভীড় দেখা যায় এই চেকপোস্টে।

কিন্তু চীনে উদ্ভাবিত নতুন প্রাণঘাতি করোনা ভাইরাস যা ছড়িয়ে পড়েছে বিভিন্ন দেশে এজন্য দর্শনার জয়নগর চেকপোস্টে এপার ওপারের যাত্রী আসা- যাওয়া বন্ধ করে দেওয়া হয়েছে।

নতুন করে কেউ আসা যাওয়া করতে পারছে না এই চেকপোস্ট দিয়ে। অনেক ফাকা হয়ে গেছে জয়নগর চেকপোস্ট। যা এর আগে কখনো দেখা যায় নি।

এবিষয়ে দর্শনা জয়নগর চেকপোস্টে দায়িত্বরত আফিসারের কাছে জানতে চাইলে তিনি বলেন, করোনা ভাইরাস যাতে আমাদের দেশে অন্য মানুষের দ্বারা প্রবেশ করতে না পারে এজন্য নতুন সকল এপার ওপার আসা যাওয়া যাত্রীদের আমরা প্রবেশ করতে দিচ্ছি না।

তবে অনেকে নিজে থেকেই আসা যাওয়া বন্ধ করে দিয়েছে।

দর্শনায় ফেনসিডিলসহ গ্রেপ্তার

২ জনের বিরুদ্ধে মামলা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ০২ বোতল ফেনসিডিল সহ রবিউল নামের একজনকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামী রবিউল(৩২) দর্শনা আজিমপুরের পিতা আইয়ুব আলীর ছেলে।

পুলিশ জানায় গতকাল বুধবার সকাল সাড়ে ৯ টার সময় গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা জেলার মাননীয় পুলিশ সুপার জাহিদুল ইসলাম এর নির্দেশে ওসি মাহবুব এর নেতৃত্বে ও সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা আজিমপুর মাঠপাড়া হতে ০২ বোতল সহ রবিউল (৩২) কে গ্রেফতার করা হয়এবং পলাতক দেখিয়ে একই গ্রামের চা বিক্রেতা দুলাল হোসেনের ছেলে রায়হানের বিরুদ্ধে মামলা। গ্রেফতারকৃত আসামী রবিউলের বিরুদ্ধে মাদক মামলা দায়ের করা হয়েছে।

এদিকে দর্শনা থানার নতুন ওসি মাহবুব রহমানের যোগদানের একমাস না হতেই মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের ঘুম নষ্ট হয়ে গেছে। একে একে ধরা পড়ছে মাদকের চালান।

এ বিষয়ে ওসি মাহবুব রহমান জানান মাদক অভিযান আরো কঠোর করা হবে এবং দর্শনা থানা মাদকমুক্ত করে ছাড়বো।

দর্শনায় পৃথক অভিযানে দুই মাদক ব্যাবসায়ী আটক

চুয়াডাঙ্গার দর্শনা থানা পুলিশের পৃথক দুইটি মাদক বিরোধী অভিযানে ৪২ বোতল ফেন্সিডিল ও ১টি মোটরসাইকেল এবং ১টি বাইসাইকেল সহ পরানপুর গ্রামের সুলতান (৩০) ও লোকনাথপুরের সাগর (২০) নামের দুই জন গ্রেফতার হয়েছে।

গতকাল দুপুর থেকে রাত পর্যন্ত পৃথক দু’টি অভিযানে লোকনাথপুরের সাগর ও দর্শনা পরানপুরের সুলতানকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায়, চুয়াডাঙ্গা জেলার মাননীয় পুলিশ সুপার জাহিদুল ইসলাম এর নির্দেশে গতকাল শুক্রবার দুপুর থেকে রাত ৯ টা পর্যন্ত দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুর রহমানের নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে ওসি (তদন্ত) শেখ মাহবুবুর রহমান,
এস আই শরিফুল, এস আই শফিকুল, এ এস আই মারুফ সহ সঙ্গীয় ফোর্স পৃথক পৃথক দুটি অভিযানে ২ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করে।

প্রথমে দুপুর ১:১৫ ঘটিকার সময় দর্শনা পৌর এলাকার রামনগর থেকে মাদক বিরোধী অভিযান চালিয়ে সুলতান কে ৩৩ বোতল ফেন্সিডিল ও ১টি মোটরসাইকেল সহ গ্রেফতার করা হয়। পরে রাত পোনে ৯টার সময় জিরাট মোড় থেকে সাগর কে ৯ বোতল ফেন্সিডিল ও ১ টি বাইসাইকেল সহ গ্রেফতার করা হয়।

আটককৃত সুলতান দর্শনা থানাধীন পৌর এলাকার পরানপুর গ্রামের আমির হোসেনের ছেলে ও সাগর লোকনাথপুর পশ্চিমপাড়ার কদর আলীর ছেলে। গতকালই আটককৃত আসামীদের বিরুদ্ধে মাদক আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেপ্র/আরপি

দর্শনায় স্বর্ণের বার ও মোটরসাইকেল সহ ২ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের অভিযানে ০১ টি স্বর্ণের বার যার ওজন ২২ ভরি ১৪ আনা ২ রতি ও ১ টি চখঅঞওঘঅ ১০০ ঈঈ লাল রঙের মোটরসাইকেল সহ ২ জনকে গ্রেপ্তার করা হয়েছে।
গ্রেফতারকৃত একজন আসামি মো: আলমগীর হোসেন (৩৫) গ্রাম ফুলবাড়ি, বইচিতলা পশ্চিম পাড়া গ্রামের পিতা মো: মফিজ উদ্দিনের ছেলে, অপরজন মো: নুর হক মল্লিক (২৭) গ্রাম বুইচিতলা বাগানপাড়া গ্রামের ইসমাইল মল্লিকের ছেলে, আটককৃত দুইজন আসামি দর্শনা থানার বাসিন্দা।

পুলিশ জানায়, গতকাল বেলা সাড়ে ১২ টার সময় গোপন সংবাদের ভিত্তিতে

দর্শনা থানাধীন রামনগর গ্রামের দর্শনা টু কার্পাসডাঙ্গা গামী হাইওয়ে রোডে দর্শনা পৌরসভা সীমান্ত পিলার সংলগ্ন পাকা রাস্তার উপর চেকপোস্ট করা কালে ০২ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

দর্শনা থানা পুলিশ আরো জানায়, চেকপোস্ট করাকালে তাদের দিকে আসার সময় গাড়ি থামানোর জন্য সিগন্যাল দিলে দুই জন আসামি মোটরসাইকেল ফেলে দৌড়ে পালানোর চেষ্টা করলে ওসি মাহবুবুর রহমান এবং সঙ্গীয় ফোর্স নিয়ে তাদেরকে গ্রেফতার করা হয়।

গ্রেপ্তারকৃত আসামি দুই জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

দর্শনা ফায়ার সার্ভিসের অদূরে সড়কের পাশে ফসলি জমির মাটি কেটে বিক্রি

চুয়াডাঙ্গা জেলার দর্শনা ফায়ার সার্ভিসের অদূরে তালতলা সড়কের পাশের ফসলি জমির মাটি চুরি করে কেটে বিক্রির অভিযোগ পাওয়া গেছে।

ঘটনা স্থল পরিদর্শন করে জানা গেছে, দর্শনার পরানপুর গ্রামের মৃত: নফর আলীর ছেলে ফজলুল হক (৩০) এর নির্দেশে সড়কের পাশের ফসলি জমির মাটি চুরি করে কেটে বিক্রি করা হচ্ছে।

এই ফসলি জমির মাটি চুরি করে কেটে নেওয়ার কারণে আশেপাশের ফসলি জমির ব্যাপক ক্ষতি হচ্ছে, নষ্ট হয়ে যাচ্ছে জমির উর্বরতা। মাটি তার ক্ষমতা হারিয়ে ফেলছে। এতে করে চরম বিপাকে পড়ছে আশপাশের অন্য চাষী জমির মালিকেরা। একমাত্র নির্ভর যোগ্য ফসলি জমির এই ক্ষতি হওয়ার কারণে দিশেহারা হয়ে পড়ছে আশেপাশের জমির মালিকেরা।

এজন্য আশেপাশের জমির মালিকেরা যাতে দ্রুত সমস্যার সমাধান হয় এজন্য সমাজের উচ্চ মহলের মানুষের সাহায্য চেয়েছেন। চাষীরা তাদের আয়ের উৎস জমি নষ্ট করতে চায় না, তারা এর দ্রুত সমাধান চান।

এ বিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনকে

জানানো হয়েছে বলে জানাগেছে।

মেপ্র/আরপি

দর্শনাতে স্বরাষ্ট্রমন্ত্রীর আগমন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি ও কঠোর নিরাপত্তা

চুয়াডাঙ্গা জেলার দর্শনাকে পূনার্ঙ্গ থানা ঘোষনায় মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এর আগমন উপলক্ষে নেওয়া হয়েছে বিভিন্ন কর্মসূচি ও কঠোর নিরাপত্তা।

দর্শনা সরকারি কলেজ মাঠে অনুষ্ঠিত হবে সকল অনুষ্ঠান, ইতিমধ্যে দর্শনা সরকারি কলেজ মাঠে জোরদার গতিতে চলছে প্যান্ডেল বানানোর কার্যক্রম, দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্র সাজানো হয়েছে নানা রকম ফুলের গাছে।

নতুন রং করা হয়েছে দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রে। এবং দর্শনার প্রধান প্রধান স্থানে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এর আগমন উপলক্ষে রাজনৈতিকদলের বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও বড় বড় গেইট স্থাপন করা হয়েছে।

আর এদিকে ব্যস্ত সময় পার করছেন দর্শনার দায়িত্বরত সকল পুলিশ সদস্য, অনুষ্ঠানে যাতে কোন বাঁধা না আশে এজন্য নেওয়া হয়েছে কঠোর নিরাপত্তা, দর্শনার মেইন মেইন পয়েন্টে চেকপোস্ট তৈরি করে চেক করা হচ্ছে সকলকে।

এ বিষয়ে দর্শনা তদন্ত কেন্দ্রের ইনচার্জ (ইন্সপেক্টর) মাহাবুবুর রহমান এর কাছে জানতে চাইলে তিনি বলেন, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এর আগমন উপলক্ষে নেওয়া হয়েছে বিভিন্ন কর্মসূচি ও কঠোর নিরাপত্তা, আমরা সর্বদা প্রস্তুত আছি, আশা করি সকল কার্যক্রম সঠিকভাবে পালিত হবে।

তবে দর্শনা বাসীর বহুদিনের সপ্ন দর্শনা থানা ঘোষণা করায়, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও চুয়াডাঙ্গা- ০২ আসনের এমপি হাজী মোঃ আলী আজগার টগর এমপি কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছে দর্শনাবাসী।

মেপ্র/আরপি

দর্শনায় অংকুর আদর্শ বিদ্যালয়ে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান

চুয়াডাঙ্গা জেলার দর্শনার অংকুর আদর্শ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২০ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১২.৩০ ঘটিকার সময় অংকুর আদর্শ বিদ্যালয় প্রাঙ্গনে চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-০২ আসনের এমপি হাজী মো: আলী আজগার টগর।

এসময় তিনি সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, শিক্ষা ছাড়া কোন দেশ উন্নতি করতে পারে না, শিক্ষাই জাতির মেরুদণ্ড।

তিনি আরও বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষা ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিয়েছে এবং একটি শিক্ষিত দেশ হিসেবে গড়ে তুলতে চান, সর্বশেষ তিনি ছোট ছোট ছাত্র-ছাত্রী দের শুভকামনা জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

বক্তব্য শেষে ছাত্র-ছাত্রীদের হাতে পরস্কার তুলে দেওয়ার মধ্যে দিয়ে অনুষ্ঠান শেষ করা হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত পুলিশ সুপার আবু রাসেল, দর্শনা সরকারি কলেজের সাবেক উপাধ্যক্ষ প্রফেসর মোশাররফ হোসেন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাকী সালাম, অত্র স্কুলের পরিচালনা কমিটির সদস্য হাজী

খালেক উজ্জামান, বীর মুক্তিযোদ্ধা রূস্তম আলি, জিয়াউদ্দিন বাবুল, রবিউল ইসলাম বাবু।

শুভেচ্ছা বক্তব্য রাখেন, অত্র বিদ্যালয়ের অধ্যক্ষ হাজী মো: হাফিজুর রহমান। এসময় আরও উপস্থিত ছিলেন, শিক্ষক, শিক্ষিকা, অভিভাবক মন্ডলি ও ছাত্র-ছাত্রী বৃন্দ।

মেপ্র/আরপি

দর্শনায় মুজিবশতবর্ষ ও অনিবার্ণের ৩ যুগ পুর্তিতে একুশে মেলা ও নাট্য উৎসব

চুয়াডাঙ্গা জেলার দর্শনার অনিবার্ণ থিয়োটার প্রতি বছর জাঁকজমক ভাবে ২১শে ফেব্রুয়ারি পালন করে, আয়োজন করে একুশে মেলা ও নাট্য উৎসব, এ বছরেরও জাঁকজমক ভাবে পালন করা হবে ২১ শে ফেব্রুয়ারি। আর মাত্র ১দিন পর দর্শনা অনিবার্ণ থিয়োটারের আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে একুশে মেলা ও নাট্য উৎসব।

ইতোমধ্যে দর্শনা ডাক বাংলো চত্বরকে ঘিরে সাজ সাজ রাব। বঙ্গবন্ধুর শত বর্ষ পুর্তি ও অনিবার্ণের ৩যুগ পুর্তিতে একুশে মেলা ও নাট্য উৎসব এবছর অন্য রকম বর্ণিল সাজে রঙিন হয়ে উঠেছে আশেপাশের দেওয়াল গুলো। নানা কথার মালা এবং আলপনায় শোভা পাচ্ছে ডাক বাংলো চত্বর।

উৎসবকে ঘিরে দিন-রাত যেন অনিবার্ণ নাট্যকর্মীর্দের চোখে ঘুম নেই। রং তুলির ছোঁয়ায় নানা রং এর নানা বর্ণমালায় রাঙিয়ে দিয়েছে মেলা চত্বর।

এবারের একুশে মেলা ও নাট্য উৎসবের গাহি সাম্যের গান, যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাঁধা ব্যবধান, যেখানে মিশেছে হিন্দু, বৌদ্ধ, মুসলিম, খীষ্টান এই শ্লোগান ধারণ করা হয়েছে। এ শ্লোগানকে সামনে রেখে দর্শনা অনিবার্ণ থিয়েটার সপ্তাহ ব্যাপী

দুই বাংলার থিয়েটার গ্রুপের সংমিশ্রণে একুশে মেলা ও নাট্য উৎসবের আয়োজন করেছে।

গত মঙ্গলবার অনেক রাত পর্যন্ত অনিবার্ণ কর্মীদের দেখা গেছে ব্যানার, ফেস্টুন, কাঠে পেরেক ঠুকা, মঞ্চ তৈরী ও মেলা চত্বর সাজানোর কাজে ব্যস্ত রয়েছে। আগামী একুশে ফ্রেরুয়ারী উদ্বোধনী অনুষ্ঠান শেষে যশোর বিবর্তণ থিয়েটারের নাটক উন্মুক্ত মঞ্চে ”পাঁইচো চোরের কেচ্ছা” নাটক পরিবেশনের মধ্যে দিয়ে একুশে মেলা ও নাট্য উৎসব শুরু হবে।

এছাড়া প্রতিদিন বিকালে মেলা চত্বরে খোলা মঞ্চে বিভিন্ন স্কুল কলেজের ছেলে মেয়েদের পথ নাটক ও সাংস্কৃতিক অনুষ্ঠান বর্ণ লেখা, চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ২২ ফ্রেরুয়ারী আনোয়ার হোসেনের লেখা ও নির্দেশনায় নাটক জিষ্ণু যারা পরিবেশিত হবে।

মেলার দ্বিতীয় দিন কলকাতা বেলঘরিয়ার নাটক ”টমেন জেরী”, ৩য় দিন কলকাতা পূর্ব-পশ্চিম থিয়েটারের নাটক ”পটলবাবু ফিল্ম স্টার”, ৪র্থ দিন চুয়াডাঙ্গা অরিন্দম সাংস্কৃতিক সংগঠনের নাটক ”নীল সিন্দুরীয়া”, ৫ম দিন ঢাকা প্রাঙ্গনেমোর থিয়েটারের নাটক কনডেম সেল, ৬ষ্ঠ দিন ঢাকা শব্দ নাট্যচচার্ কেন্দ্রের নাটক ”তৃতীয় একজন” ও ৭ম দিনে ঢাকা সময় সাংস্কৃতিক গোষ্ঠীর পিবেশনায় নাটক ”ভাগের মানুষ” প্ররিবেশনের মধ্যে দিয়ে একুশে মেলা ও নাট্য উৎসবের সমাপ্তি হবে বলে জানা গেছে।

মেপ্র/আরজেএম